NEW YORK STATE OF OPPORTUNITY. | Department of Motor Vehicles

নিউ ইয়র্ক স্টেটে একটি গাড়ি রেজিস্টার/টাইটেল করা
তথ্য ও নির্দেশের জন্য dmv.ny.gov দেখুন

➲ নীচের প্রতিটি অংশ এমন একটি পদক্ষেপের বর্ণনা দেয় যা আপনি নিতে পারেন ও নির্দেশ প্রদান করে যা আপনার অনুসরণ করা আবশ্যক।

➲ আপনার উপস্থাপিত যাবতীয় নামের পরওনা ও বিমার প্রমাণের একই নাম প্রদর্শিত করা আবশ্যক, কারণ সেই নামটি রেজিস্ট্রেশনে দেখা যাবে।

➲ তারকাচিহ্ন (*) যুক্ত ফর্মগুলি যে কোনো মোটর ভেহিকেলস দপ্তরে ও **dmv.ny.gov**।তে পাওয়া যাবে। বিক্রয় করের ফর্মগুলি নিউ ইয়র্ক স্টেট এর করারোপণ ও অর্থ বিভাগের থেকেও পাওয়া যাবে।

রেজিস্টার করতে NYS-এ কোনো গাড়ি, আপনাকে অবশ্যই কোনো DMV দপ্তরে নিম্নলিখিত নথিপত্র নিয়ে আসতে হবে:

1. একটি সম্পূর্ণ করা রেজিস্ট্রেশন/টাইটেলের আবেদনপত্র (*MV-82**)।
2. মালিকানার প্রমাণ (*পৃষ্ঠা 3 দেখুন*)। 2 জনের বেশি মালিক থাকলে আপনার একটি অংশীদারিত্বের বা যৌথ মালিকানার বিবৃতি প্রদান করাও আবশ্যক (*ফর্ম MV-83T**)।
3. রেজিস্ট্র্যান্ট এর নামে একটি NYS বিমার কার্ড (*পৃষ্ঠা 4 দেখুন*)।
4. পরিদর্শনের প্রমাণ (*পৃষ্ঠা 4 দেখুন*)।
5. বিক্রয় কর মোচনের প্রমাণ বা সম্পূর্ণ করা বিক্রয় করের ফর্ম (*পৃষ্ঠা 4 দেখুন*)।
6. পরিচিতির প্রমাণপত্রাদি - একটি বর্তমান NYS ড্রাইভিং লাইসেন্স, শিক্ষার্থীর অনুমতি অথবা ড্রাইভার ছাড়া অন্য আইডি কার্ড অথবা ফর্ম ID-82* দেখুন (*রেজিস্ট্রেশন ও টাইটেলের জন্য পরিচিতির প্রমাণপত্রাদি*)।
7. কোনো কর্পোরেশন গাড়িটিকে রেজিস্টার করলে নিগমবদ্ধ হওয়ার প্রমাণ (*পৃষ্ঠা 4 দেখুন*)।
8. কোনো অংশীদারিত্ব গাড়িটিকে রেজিস্টার করলে অংশীদারিত্বের প্রমাণ (*পৃষ্ঠা 4 দেখুন*)।
9. দুজন ব্যক্তি গাড়িটিকে রেজিস্টার করলে প্রতি ব্যক্তিকে অবশ্যই বিভাগ 1-এ তথ্য প্রদান করতে হবে ফর্ম MV-82* এর বিভাগ 5-এ স্বাক্ষর করতে হবে পরিচিতির প্রমাণ জমা দিতে হবে।
10. রেজিস্ট্র্যান্ট গাড়িটির মালিক না হলে মালিককে অবশ্যই MV-82* এর বিভাগ 3 সম্পূর্ণ করতে ও তাতে স্বাক্ষর করতে হবে অথবা একটি রেজিস্ট্রেশন অনুমোদনের ফর্ম পূরণ করতে হবে (*MV-95**)। মালিককে অবশ্যই মালিকের নাম ও জন্মতারিখের গ্রহণযোগ্য প্রমাণ (*উপরের নম্বর 6 দেখুন*) এবং গাড়ির মালিকানার গ্রহণযোগ্য প্রমাণ দিতে হবে (*পৃষ্ঠা 3 দেখুন*)।
11. 10 বছর পুরনো বা তার থেকে নতুন যাবতীয় গাড়ির ওডোমিটার প্রকাশের একটি বিবৃতি। মালিকানার প্রমাণপত্রে ওডোমিটার প্রকাশের একটি বিবৃতি না থাকলে নতুন মালিক ও বিক্রেতাকে অবশ্যই ফর্ম MV-103* এর ওডোমিটার প্রকাশের বিবৃতি অংশটি পূরণ করতে ও তাতে স্বাক্ষর করতে হবে।
12. মালিকানার প্রমাণপত্র NYS এর থেকে প্রাপ্ত হলে ক্ষতি প্রকাশের একটি বিবৃতি জমা দিন। যখন গাড়িটি 8 বছরের বা তার চেয়ে নতুন। মালিকানার প্রমাণপত্রে ক্ষতি প্রকাশের একটি বিবৃতি না থাকলে নতুন মালিক ও বিক্রেতাকে অবশ্যই ফর্ম MV-103* এর ক্ষতি প্রকাশের বিবৃতি অংশটি পূরণ করতে ও তাতে স্বাক্ষর করতে হবে।
13. একটি বিক্রির রসিদ (*পৃষ্ঠা 4, বিক্রয় কর মোচনের প্রমাণ দেখুন*)।
14. একটি মূল পাওয়ার অব অ্যাটর্নি, যদি কোনো ব্যক্তি, অংশীদারিত্ব বা কর্পোরেশন কোনো ব্যক্তিকে একটি গাড়ি কেনার, বিক্রি করার বা রেজিস্টার করার পাওয়ার অব অ্যাটর্নি দেন (*পৃষ্ঠা 4, পাওয়ার অব অ্যাটর্নি দেখুন*)।
15. অর্থপ্রদান। ফি প্রদান করা যাবে নগদ, চেক, মানি অর্ডার বা ক্রেডিট কার্ড দিয়ে (*ভিসা, মাস্টারকার্ড, আমেরিকান এক্সপ্রেস বা ডিসকভার*)। ক্রেডিট কার্ডের ধারকের লেনদেনের সময় উপস্থিত থাকা আবশ্যক।

কোনো রেজিস্ট্রেশনের আবেদনপত্র টাইটেল ব্যুরোয় ডাকযোগে পাঠাবেন না

বদলি করতে খোয়া যাওয়া, নষ্ট হয়ে যাওয়া বা ক্ষতিগ্রস্ত রেজিস্ট্রেশনের জিনিশগুলি, প্রদান করুন:

1. একটি সম্পূর্ণ করা রেজিস্ট্রেশন/টাইটেলের আবেদনপত্র (ফর্ম *MV-82**)।
2. গাড়ির একটি প্লেট খোয়া গেলে অপর প্লেটটি।
3. কোনো অপরাধের ফলে রেজিস্ট্রেশন বা গাড়ির প্লেট খোয়া গেলে একটি "মোটরগাড়ির জিনিশ খোয়া যাওয়া, চুরি হওয়া বা বাজেয়াপ্ত করার রিপোর্ট" *(ফরম MV-78B)* অথবা কোনো পুলিশই সংস্থার চিঠি জমা দিন এবং সেগুলি বিনামূল্যে বদলে দেওয়া হবে।
4. পরিচিতির প্রমাণ (*উপরে নম্বর 6 দেখুন*)।
5. গাড়ির প্লেট বদলাতে রেজিস্ট্র্যান্টের নামে একটি NYS বিমার কার্ড জমা দিন (*পৃষ্ঠা 4, বিমার আওতাভুক্তির প্রমাণ দেখুন*)।
6. ফি এর অর্থপ্রদান (*উপরে নম্বর 15 দেখুন*)।

বদলাতে রেজিস্ট্রেশনের নথি, একটি টাইটেল এর নথিতে থাকা তথ্য বা উভয়ই, প্রদান করুন:

1. একটি সম্পূর্ণ করা রেজিস্ট্রেশন/টাইটেলের আবেদনপত্র (ফর্ম *MV-82**)।
2. 1973 এর বা তার থেকে নতুন গাড়িগুলির জন্য, টাইটেলের শংসাপত্র (*ফর্ম MV-999*)।
3. রেজিস্ট্র্যান্ট এর বা মালিকের পরিচিতির প্রমাণ (*উপরে "রেজিস্টার করতে" এর অধীনে 6 নম্বরে দেখুন*)।
4. নাম, অংশীদারিত্ব, গাড়ির বছর, গাড়ির সনাক্তকরণ নম্বর বা রেজিস্ট্রেশনের শ্রেণী বদলাতে প্রদান করুন:
   a. পরিদর্শনের প্রমাণ, প্রয়োজন হলে (*পৃষ্ঠা 4 দেখুন*)।
   b. বদলের প্রমাণ।
5. ফি এর অর্থপ্রদান (*উপরে "রেজিস্টার করার জন্য" এর অধীনে নম্বর 15 দেখুন*)।

** DTF বিক্রয় করের ফর্মগুলি নিউ ইয়র্ক স্টেট এর করারোপণ ও অর্থ বিভাগের থেকেও পাওয়া যাবে।

পুনর্নবীকরণ করতে একটি গাড়ির রেজিস্ট্রেশন, প্রদান করুন:

1. একটি সম্পূর্ণ করা গাড়ির রেজিস্ট্রেশন পুনর্নবীকরণের আমন্ত্রণ (*ফর্ম MV-3 বা OP-3*)। এটি পাওয়া না গেলে বা তাতে থাকা তথ্য সংশোধন করা আবশ্যক হলে একটি সম্পূর্ণ করা "গাড়ির রেজিস্ট্রেশন/টাইটেলের আবেদন (*ফর্ম MV-82**) ও পরিচিতির প্রমাণ প্রদান করুন (*পৃষ্ঠা 1-এ "রেজিস্টার করার জন্য" এর অধীনে নম্বর 6 দেখুন*)।
2. একটি NYS বিমার কার্ড (*পৃষ্ঠা 4 দেখুন*):
   a. গাড়ির প্লেটগুলি DMV এর কাছে ফেরত দেওয়া হয়ে থাকলে (বিমার কার্যকর তারিখ প্লেটগুলি ফেরত দেওয়ার তারিখের পড়ে হওয়া আবশ্যক) **অথবা**
   b. বিমা বাতিল হয়ে থাকলে (বিমা কার্যকর হওয়ার তারিখ বাতিল হওয়ার তারিখের পড়ে হওয়া আবশ্যক)

দ্রষ্টব্য: একটি ভাড়া দেওয়ার শংসাপত্রের (ফর্ম FH-1) প্রয়োজন যাবতীয় ভাড়ার গাড়ির পুনর্নবীকরণের জন্য।

3. পরিদর্শনের প্রমাণ, প্রয়োজন হলে (*পৃষ্ঠা 4 দেখুন*)।
4. ফি এর অর্থপ্রদান (*পৃষ্ঠা 1-এ "রেজিস্টার করার জন্য" এর অধীনে নম্বর 15 দেখুন*)।

প্লেটগুলি হস্তান্তর করতে অন্য কোনো গাড়িতে, প্রদান করুন:

1. একটি সম্পূর্ণ করা রেজিস্ট্রেশন/টাইটেলের আবেদনপত্র (*ফর্ম MV-82**)।
2. মালিকানার প্রমাণ (*পৃষ্ঠা 3, গ্রহণযোগ্য প্রমাণগুলি দেখুন*)।
3. বর্তমান রেজিস্ট্রেশনে যে নাম রয়েছে সেই একই নামে একটি NYS বিমার কার্ড। কার্ডটি সেই গাড়ির জন্য হওয়া আবশ্যক যাতে সেগুলি হস্তান্তর করা হবে (*পৃষ্ঠা 4 দেখুন*)।
4. পরিদর্শনের প্রমাণ (*পৃষ্ঠা 4 দেখুন*)।
5. বিক্রয় কর মোচন (*পৃষ্ঠা 4 দেখুন*)।
6. পরিচিতির প্রমাণ (*পৃষ্ঠা 1-এ "রেজিস্টার করার জন্য" এর অধীনে নম্বর 6 দেখুন*)
7. রেজিস্ট্র্যান্ট গাড়িটির মালিক না হলে মালিককে অবশ্যই গাড়ির রেজিস্ট্রেশন/টাইটেলের আবেদনের (*ফর্ম MV-82**) এর বিভাগ 3 সম্পূর্ণ করতে ও তাতে স্বাক্ষর করতে হবে অথবা একটি রেজিস্ট্রেশন অনুমোদনের ফর্ম পূরণ করতে হবে (*MV-95**)। মালিককে অবশ্যই মালিকের নাম ও জন্মতারিখের গ্রহণযোগ্য প্রমাণ (পৃষ্ঠা 1-এর "রেজিস্টার করার জন্য" এর অধীনে নম্বর 6 দেখুন) এবং গাড়ির মালিকানার গ্রহণযোগ্য প্রমাণ দিতে হবে (পৃষ্ঠা 3 দেখুন)।
8. ফি এর অর্থপ্রদান (*পৃষ্ঠা 1 এর উপরে "রেজিস্টার করার জন্য" এর অধীনে নম্বর 15 দেখুন*)।

আপনার গাড়িটির রেজিস্ট্রেশন না করে কেবল একটি টাইটেলের অনুরোধ

- একটি 1973 সালের ও তার থেকে নতুন গাড়ির জন্য
- বোঝাই না করা ওজন 1,000 পাউন্ড বা বেশি সহ একটি ট্রেলার এর জন্য।
- একটি 1995 সালের বা তার চেয়ে নতুন নির্মিত বাড়ি যার পরিবহনকালে প্রস্থ অন্ততঃ 8 ফুট বা দৈর্ঘ্য অন্ততঃ 40 ফুট অথবা বাড়িটি একটি স্থানে খাড়া করার পর অন্ততঃ 320 বর্গফুট অঞ্চল জুড়ে থাকে তার জন্য।

একটি টাইটেল পেতে, কিন্তু রেজিস্ট্রেশন নয়, প্রদান করুন:

1. টাইটেলের জন্য একটি সম্পূর্ণ করা আবেদনপত্র (*ফর্ম MV-82TON**), অথবা গাড়ির রেজিস্ট্রেশন/টাইটেলের আবেদন (*ফর্ম MV-82**)।
2. মালিকানার প্রমাণ (*পৃষ্ঠা 3 দেখুন*)। 2 জনের বেশি মালিক থাকলে আপনার একটি অংশীদারিত্বের বা যৌথ মালিকানার বিবৃতি প্রদান করাও আবশ্যক (*ফর্ম MV-83T**)।
3. মালিকদের পরিচিতির প্রমাণ (*পৃষ্ঠা 1-এ "রেজিস্টার করার জন্য" এর অধীনে নম্বর 6 দেখুন*)।
4. টাইটেল কোনো কর্পোরেশনের নামে করতে হলে নিগমবদ্ধ হওয়ার প্রমাণ প্রদান করুন (*পৃষ্ঠা 4 দেখুন*)।
5. টাইটেল কোনো অংশীদারিত্বের নামে করতে হলে অংশীদারিত্বের হওয়ার প্রমাণ প্রদান করুন (*পৃষ্ঠা 4 দেখুন*)।
6. বিক্রয় কর মোচন: একটি রসিদ (*ফর্ম FS-6T*) মোটর ভেহিকেলসের যে কোনো দপ্তরে পাওয়া যাবে, অথবা খুচরো বিক্রির একটি শংসাপত্র (*ফর্ম MV-50*) কোনো NYS ডিলারের থেকে (*পৃষ্ঠা 4 দেখুন*)।
7. 10 বছর পুরনো বা তার থেকে নতুন যাবতীয় গাড়ির ওডোমিটার প্রকাশের একটি বিবৃতি। মালিকানার প্রমাণপত্রে ওডোমিটার প্রকাশের একটি বিবৃতি না থাকলে নতুন মালিক ও বিক্রেতাকে অবশ্যই ফর্ম MV-103* এর ওডোমিটার প্রকাশের বিবৃতি অংশটি পূরণ করতে ও তাতে স্বাক্ষর করতে হবে।
8. মালিকানার প্রমাণপত্র NYS এর থেকে প্রাপ্ত হলে ক্ষতি প্রকাশের একটি বিবৃতি জমা দিন, যদি গাড়িটি 8 বছরের বা তার চেয়ে নতুন হয়। মালিকানার প্রমাণপত্রে ক্ষতি প্রকাশের একটি বিবৃতি না থাকলে নতুন মালিক ও বিক্রেতাকে অবশ্যই ফর্ম MV-103* এর ক্ষতি প্রকাশের বিবৃতি অংশটি পূরণ করতে ও তাতে স্বাক্ষর করতে হবে।
9. একটি চেক বা মানি অর্ডার "Commissioner of Motor Vehicles" কে প্রদেয়। টাইটেল পাওয়ার ফি-গুলি হল:
   - একটি গাড়ির জন্য $50।
   - নির্মিত বাড়ির জন্য $125।

বেশিরভাগ কেবল টাইটেলের জন্য আবেদনগুলি যে কোনো DMV দপ্তর দ্বারা প্রক্রিয়া করা যাবে (নীচে "দ্রষ্টব্য" দেখুন), অথবা আপনি এই অংশে বর্ণিত নথিপত্র নীচের ঠিকানায় ডাকযোগে পাঠাতে পারেন (পরিচিতির, কর্পোরেশনের বা অংশীদারিত্বের প্রমাণের ফটোকপিগুলি পাঠান)।

Title Bureau
NYS Department of Motor Vehicles
6 Empire State Plaza
Albany NY 12228

গাড়ির রেজিস্ট্রেশনের আবেদনপত্রগুলি এই ঠিকানায় ডাকযোগে পাঠাবেন না

দ্রষ্টব্য: নিম্নলিখিতগুলি জড়িত এমন টাইটেলের জন্য আবেদনপত্রগুলি Title Bureau-তে ডাকযোগে পাঠানো আবশ্যক:

- গ্যারেজম্যান লিয়েনগুলি
- উদ্ধার করা শংসাপত্রগুলি
- নির্মাণ করা বাড়িগুলি
- নৌকাগুলি
- বন্ডকৃত গাড়িগুলি
- একজন ডিলার বা নির্মাতা যিনি এমন একটি গাড়ির টাইটেল পেতে চান যেটি ক্রেতার দ্বারা লেমন আইন অনুসারে ফেরত দেওয়া হয়েছে।

গ্রহণযোগ্য প্রমাণগুলি (*কেবলমাত্র মূল নথিপত্র*):

মালিকানার প্রমাণপত্রাদি নীচে বর্ণিত কোনো পরিস্থিতিই আপনার জন্য প্রযোজ্য না হলে dmv.ny.gov দেখুন অথবা DMV এর কোনো দপ্তরে যান।

1. গাড়িটি নিউ ইয়র্ক স্টেটের কোনো ডিলারের থেকে কেনা হলে এবং গাড়িটি এরকম হলে:
   a. **নতুন**- খুচরো বিক্রয়ের একটি শংসাপত্র (ফর্ম MV-50) **ও** নির্মাতার উৎসের একটি শংসাপত্র প্রদান করুন।
   b. **ব্যবহৃত**- খুচরো বিক্রয়ের একটি শংসাপত্র (ফর্ম MV-50) **ও** হয় একটি টাইটেল, নতুবা একটি হস্তান্তরযোগ্য রেজিস্ট্রেশন প্রদান করুন।

---

2. গাড়িটি নিউ ইয়র্ক স্টেটের বাইরের কোনো ডিলারের থেকে কেনা হয়ে থাকলে এবং লিয়েনধারকের হাতে টাইটেল না থাকলে:
   a. একটি **নতুন গাড়ির জন্য** - একটি বিক্রির রসিদ **ও** নতুন মালিকের হাতে হস্তান্তরিত নির্মাতার উৎসের একটি শংসাপত্র (MCO) প্রদান করুন। MCO-তে হস্তান্তরের জায়গা না থাকলে প্রতিটি হস্তান্তরের ও MCO-টি ও একটি বিক্রির রসিদ এবং কোনো পুনরায় বরাদ্দকরণ থাকলে তা উপস্থাপিত করুন।
   b. একটি **ব্যবহৃত গাড়ির জন্য** - একটি বিক্রির রসিদ **ও** একটি মূল স্টেট বহির্ভূত টাইটেল বা হস্তান্তরযোগ্য রেজিস্ট্রেশন এবং কোনো পুনরায় বরাদ্দকরণ থাকলে তা প্রদান করুন।

---

3. গাড়িটি স্টেটের বাইরে থেকে কেনা হয়ে থাকলে ও লিয়েনধারকের হাতে টাইটেল থাকলে:
   a. মালিকের নামে টাইটেলের একটি প্রতিলিপি প্রদান করুন, **যা লিয়েনধারকের দ্বারা বা স্টেটের বাইরের মোটর ভেহিকেলস সংস্থা দ্বারা শংসিত হতে হবে**। শংসায়ন একই পৃষ্ঠায়, **অথবা** টাইটেলের একটি স্মারকলিপিতে, **অথবা** মোটর ভেহিকেলস সংস্থা দ্বারা জারি করা মালিকানার সারাংশে দেখতে পাওয়া আবশ্যক, যাতে গাড়ির মালিকের যা নাম সেই একই নাম দেখা যাবে, **এবং**
   b. লিয়েনধারকের থেকে একটি বিবৃতি প্রদান করুন যাতে মালিকের নাম গাড়ির বছর, নির্মাণ ও গাড়ির সনাক্তকরণ সংখ্যা (VIN) অন্তর্ভুক্ত থাকবে। বিবৃতিটি লিয়েনধারকের লেটারহেডে হওয়া আবশ্যক ও তাতে অবশ্যই বলা থাকতে হবে যে লিয়েনধারকের হাতে মূল টাইটেল রয়েছে এবং তিনি অনুধাবন করেন যে নিউ ইয়র্কে গাড়িটি রেজিস্টার করতে টাইটেলের একটি প্রতিলিপি ব্যবহার করা হবে। বিবৃতিটি অবশ্যই শর্তসাপেক্ষ হওয়া চলবে না (উদাহরণস্বরূপ, লিয়েনধারকের গাড়িটি রেজিস্টার্ড হওয়ার পর DMV এর থেকে লিয়েনধারককে বিজ্ঞাপিত করার প্রয়োজন পড়বে না)।

গুরুত্বপূর্ণ: DMV ততক্ষণ পর্যন্ত একটি হস্তান্তরযোগ্য টাইটেল জারি করতে পারবে না যতক্ষণ না আপনি DMV-কে স্টেটের বাইরের মালিকানার নথিপত্র দিচ্ছেন। Title Bureau-তে একটি NYS টাইটেল, টাইটেল বা মালিকানার নথিপত্রের এবং আপনার NYS রেজিস্ট্রেশনের একটি প্রতিলিপির জন্য ডাকযোগে নীচে দেওয়া ঠিকানায় অনুরোধ জানান। DMV আপনাকে টাইটেল বা হস্তান্তরযোগ্য রেজিস্ট্রেশনটি পাঠিয়ে দেবে।

Title Bureau, NYS Department of Motor Vehicles, 6 Empire State Plaza, Albany NY 12228

---

4. গাড়িটি একটি স্টেটের বাইরের লীজ দেওয়ার কোম্পানির দ্বারা লীজ দেওয়া হয়ে থাকলে ও লীজ দেওয়ার কোম্পানির হাতে টাইটেল থাকলে:
   a. লীজ দেওয়ার কোম্পানির নামে স্টেটের বাইরের টাইটেলের একটি প্রতিলিপি প্রদান করুন, **এবং**
   b. লীজ দেওয়ার কোম্পানির থেকে পাওয়া একটি চিঠি যাতে বলা থাকবে যে কোম্পানি স্বীকার ও অনুধাবন করছেন যে টাইটেলের একটি প্রতিলিপি NYS-এ গাড়িটি রেজিস্টার করতে ব্যবহার করা হবে, **এবং**
   c. ***হয়,*** একটি সম্পূর্ণ করা রেজিস্ট্রেশনের অনুমোদন (ফর্ম MV-95*), **অথবা** একটি সম্পূর্ণ করা গাড়ির রেজিস্ট্রেশন/টাইটেল এর আবেদন (forফর্মm MV-82*) এই অংশ সহ "গাড়ির মালিক যদি রেজিস্ট্র্যান্টের থেকে আলাদা হন" যা গাড়ির মালিকের দ্বারা স্বাক্ষরিত হতে হবে, **অথবা** একটি পাওয়ার অব অ্যাটর্নি যাতে গাড়ির মালিক গাড়িটিকে NYS-এ রেজিস্টার করার অনুমতি মঞ্জুর করছেন।
   d. গাড়ির লীজের একটি প্রতিলিপিও প্রদান করুন যাতে মাসিক লীজের অর্থপ্রদান ও লীজের মেয়াদ নির্দেশ করা থাকবে। **দ্রষ্টব্য: আপনার প্রদত্ত লীজের অর্থের বাকি থাকা অংশের উপর আপনাকে নিউ ইয়র্ক স্টেট এর বিক্রয় করপ্রদান করতে হতে পারে।**

আপনি একটি লীজ দেওয়া গাড়ি কিনলে লীজ দেওয়ার কোম্পানিকে অবশ্যই টাইটেল আপনার নামে হস্তান্তরিত করতে হবে। আপনার নামে গাড়ির মালিকানা হস্তান্তর করতে আপনাকে অবশ্যই ফর্ম MV-82* বা MV-82TON* সম্পূর্ণ করতে ও প্রযোজ্য বিক্রয় কর প্রদান করতে হবে।

গ্রহণযোগ্য প্রমাণপত্রাদি (অব্যাহত)

বিমার আওতাভুক্তির প্রমাণ

1. রেজিস্ট্র্যান্টের নামে একটি বর্তমান ও বৈধ নিউ ইয়র্ক স্টেট বিমা সনাক্তকরণ কার্ড, অথবা
2. একটি ভাড়ার গাড়ির জন্য, ফর্ম FH-1 (বিমার শংসাপত্র), অথবা
3. যুক্তরাষ্ট্রীয় পরিবহণ বিভাগ বা নিউ ইয়র্ক স্টেট পরিবহণ বিভাগ দ্বারা জারি করা একটি অনুমতিপত্র, অথবা
4. একটি স্ব-বিমা শংসাপত্র।

পরিদর্শনের প্রমাণ

1. নিউ ইয়র্ক স্টেট এর কোনো ডিলারের থেকে কেনা গাড়িগুলি **অবশ্যই** বিক্রির অংশ হিসেবে পরিদর্শন করাতে হবে। বিক্রির শংসাপত্রে (ফর্ম MV-50) অবশ্যই পরিদর্শন নথিভুক্ত করাতে হবে।
2. যে গাড়িগুলি 15 বা তার বেশি যাত্রী পরিবহণ করবে, স্কুলের, পৌরসভার বা নিয়ন্ত্রিত পরিবহণ প্রদান করবে, তাদের রেজিস্ট্রেশনের আগে পরিদর্শন করানো আবশ্যক।
3. অন্য যাবতীয় গাড়িকে তারা নিউ ইয়র্ক স্টেটে প্রথমবার রেজিস্টার্ড হওয়ার পর পরিদর্শন করানো আবশ্যক। আপনি আপনার গাড়িটি রেজিস্টার করানোর সময় আপনাকে একটি 10 দিনের অস্থায়ী পরিদর্শনের স্টিকার গাড়িতে লাগানোর জন্য দেওয়া হবে। গাড়িটিকে 10 দিনের মধ্যে পরিদর্শনে ছাড়পত্র পেতে হবে।

বিক্রয় কর মোচনের প্রমাণ

1. গাড়িটি নিউ ইয়র্ক স্টেটের কোনো ডিলারের থেকে কেনা হলে বিক্রির শংসাপত্র (ফর্ম MV-50) প্রদান করুন।
2. গাড়িটি নিউ ইয়র্ক স্টেট এর বাইরের কোনো ডিলারের, কোনো ব্যক্তিগত ব্যক্তির বা কোনো কোম্পানির থেকে কেনা হলে সেই ব্যক্তিগত ব্যক্তি বা কোম্পানিকে ফর্ম DTF-802** পূরণ করতে হবে। বিভাগ 6 অবশ্যই পূরণ করতে হবে গাড়িটি একটি উপহার হলে বা বাজারের ন্যায্যমূল্যের চেয়ে কম দামে এমন কারুকে বিক্রি করা হলে যিনি স্ত্রী/স্বামী, বাবা/মা, সন্তান, সৎ বাবা/মা বা সৎ সন্তান নন। বিভাগ 6 এর প্রয়োজন না হলে বিক্রেতার দ্বারা স্বাক্ষরিত একটি বিক্রির রসিদ এর প্রয়োজন হবে। একটি ট্রেলার বাজারের ন্যায্যমূল্যের চেয়ে কম দামে বিক্রি করা বা উপহার দেওয়া হলেও বিভাগ 6 পূরণ করা সবসময় আবশ্যক হবে।
3. আপনি বিক্রয় কর প্রদানের থেকে ছাড় পাওয়ার দাবি জানালে ফর্ম DTF-803** পূরণ করুন। আপনাকে ছাড়ের প্রমাণ উপস্থাপিত করতে হতে পারে।
4. অন্য কোনো স্টেটে বিক্রয় কর প্রদান করা হয়ে থাকলে এবং সেরূপ অর্থপ্রদানের জন্য ক্রেডিটের অনুমতি থাকলে ফর্ম DTF-804** পূরণ করুন ও বিক্রির রসিদ প্রদান করুন। আপনাকে কোনো অর্থ প্রদান করা বাকি থাকলে তা প্রদান করতে হবে। ক্রেডিটের অনুমতি না থাকলে ফর্ম DTF-802** পূরণ করুন।

নিগমবদ্ধ হওয়ার প্রমাণ

1. নিউ ইয়র্ক স্টেটের একটি টাইটেল, রেজিস্ট্রেশন বা প্লেট নম্বর প্রদান করুন যা সেই কর্পোরেশন দ্বারা একটি গাড়ির প্রতি জারি করা হয়েছে, অথবা
2. নিগমবদ্ধ হওয়ার শংসাপত্রের একটি প্রত্যায়িত প্রতিলিপি, অথবা
3. সীলমোহর দেওয়া একটি শংসাপত্র বা নিউ ইয়র্ক স্টেটের স্টেট বিভাগের দ্বারা জারি করা একটি দায়ের করার রসিদ।
4. কর্পোরেশনগুলি ছাড়া অন্যান্য ব্যবসায়িক সংস্থার (যেমন, LLP, LLC, ইত্যাদি) জন্য, গ্রহণযোগ্য প্রমাণের জন্য অনুগ্রহ করে কোনো DMV দপ্তরে যোগাযোগ করুন।

অংশীদারিত্ব, DBA, বা কোনো বাণিজ্যিক নামের ব্যবহারের প্রমাণ

1. অংশীদারিত্বের জন্য - কোনো কাউন্টি ক্লার্কের কাছে দায়ের করা একটি অংশীদারিত্বের শংসাপত্র প্রদান করুন।
2. বাণিজ্যিক নাম ব্যবহার করা ব্যক্তিবর্গ (DBA) - কাউন্টি ক্লার্কের জারি করা DBA দায়ের করার রসিদের একটি প্রতিলিপি প্রদান করুন।
3. ছদ্মনাম ব্যবহার করা কর্পোরেশনগুলি - পররাষ্ট্র সচিব, কর্পোরেশন শাখা এর দ্বারা জারি করা ছদ্মনামের শংসাপত্রের একটি শংসিত প্রতিলিপি প্রদান করুন।

পাওয়ার অফ অ্যাটর্নি

একটি পাওয়ার অব অ্যাটর্নি অবশ্যই প্রদান করতে হবে যখন কোনো সত্তা (অর্থাৎ, "প্রধান") এমন কোনো ব্যক্তিকে ("এজেন্ট") পাওয়ার অব অ্যাটর্নির অধীনে প্রধানের মালিকানায় থাকা একটি গাড়ি কেনার, বিক্রি করার বা রেজিস্টার করার কর্তৃত্ব মঞ্জুর করেন। পাওয়ার অব অ্যাটর্নি-তে অবশ্যই নিম্নলিখিতগুলি থাকতে হবে:

1. প্রধান দ্বারা স্বাক্ষরিত পাওয়ার অব অ্যাটর্নি এর তারিখ;
2. প্রধানের (যে সত্তা পাওয়ার অব অ্যাটর্নি মঞ্জুর করছে) নোটারিকৃত স্বাক্ষর, নাম ও ঠিকানা;
3. এজেন্টের (পাওয়ার অব অ্যাটর্নি এর অধীনে যে ব্যক্তিকে কর্তৃত্ব মঞ্জুর করা হচ্ছে) নাম ও ঠিকানা;
4. প্রযোজ্য হলে, কর্পোরেশন বা অংশীদারিত্বের নাম ও ঠিকানা।

দ্রষ্টব্য: এজেন্টের (যে ব্যক্তিকে পাওয়ার অব অ্যাটর্নি মঞ্জুর করা হয়েছে) যাবতীয় ফর্মে তার স্বাক্ষরের পর "P.A." লেখা আবশ্যক।